গাংনী পৌরসভার উদ্যোগে ভিজিএফ এর চাল বিতরণ

মেহেরপুরের গাংনী পৌরসভার উদ্যোগে ঈদুল আযহা উপলক্ষে ভিজিএফ এর চাল বিতরণ করা হয়েছে।

আজ রোববার সকাল ৯ টার দিকে পৌরসভা কার্যালয়ে ভিজিএফ এর এ চাল বিতরণ করা হয়।

পৌর মেয়র আশরাফুল ইসলামের সভাপতিত্বে ট্যাগ অফিসার উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান কল্লোল উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল হতে প্রাপ্ত ভিজিএফ এর আওতায় পৌরসভার সব কয়টি ওয়ার্ডের মোট ৩ হাজার ৮১ জনের মধ্যে ১০ কেজি করে চাল বিতরণ করা হয়।

এ সময় প্রত্যেকটি ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত মহিলা আসনের মহিলা কাউন্সিলরগন উপস্থিত ছিলেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদে ভাতার কার্ড বিতরণ

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ২০২০-২১ অর্ধবছরে নতুন করে তালিকা তৈরি করা সকল বয়স্ক ও বিধবা ভাতার কার্ড বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে বাগোয়ান ইউনিয়ন পরিষদ চত্বরে এ সকল ভাতার কার্ড বিতরন করা হয়।কার্ড বিতরন অনুষ্ঠানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার আব্দুর রব।

কার্ড বিতরণ অনুষ্ঠানে ইউপি সদস্য সংকর বিশ্বাস, কাজী কোমর উদ্দীন সেলিম, আনোয়ারুল ইসলাম, এম এ খালেক, মহিলা মেম্বার

নারগীস খাতুন ও শাহিনুর খাতুন উপস্থিত ছিলেন।

এ সময় ৫৫ জনকে বিধবা ও ৮৬ জনকে বয়স্ক ভাতার কার্ড দেওয়া হয়।

করোনায় আরও ৫৪ জনের প্রাণহানি, মোট মৃত্যু ২৯২৮

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৫৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ৯২৮ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ২৭৫ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ২ লাখ ২৩ হাজার ৪৫৩ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৭৯২ জন এবং মোট সুস্থ ১ লাখ ২৩ হাজার ৮৮২ জন।

রোববার স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত ব্রিফিংয়ে এসব তথ্য জানানো হয়।

বাংলাদেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল ৮ মার্চ, তা দুই লাখ পেরিয়ে যায় ১৮ জুলাই। এর মধ্যে ২ জুলাই ৪ হাজার ১৯ জন কোভিড-১৯ রোগী শনাক্ত হয়, যা এক দিনের সর্বোচ্চ।

আর ১৮ মার্চ বাংলাদেশে করোনাভাইরাসে প্রথম মৃত্যুর খবর নিশ্চিত করে স্বাস্থ্য অধিদপ্তর। ১৭ জুলাই তা আড়াই হাজার ছাড়িয়ে যায়। এর মধ্যে ৩০ জুন এক দিনে রেকর্ড ৬৪ জনের মৃত্যুর খবর জানানো হয়। সূত্র-যুগান্তর

মেপ্র/আরজেএম

মুজিবনগরে মৎস্য সপ্তাহে সুফলভোগীদের মাঝে মৎস্য চাষের বিভিন্ন উপকরন বিতরন

” মাছ উৎপাদন বৃদ্ধি করি, সুখী সমৃদ্ধ দেশ গড়ি” এই শ্লোগান কে সামনে রেখে মুজিবনগরে জাতীয় মৎস্য সপ্তাহ -২০২০ এর ৬ষ্ট দিনের কর্মসূচীর অংশ হিসেবে মুজিবনগরে মৎস্য চাষী/ সুফলভোগীদের মাঝে মৎস্য চাষের বিভিন্ন উপকরণ বিতরন করা হয়েছে।

রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গনে জেলা মৎস্য কর্মকর্তা সাইফুদ্দিন ইয়াহিয়া,মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস উপস্থিত থেকে এ সকল উপকরন বিতরন করেন।

বিতরন কালে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম উপস্থিত ছিলেন।
এ সময় 4 wheeler এ্যারেটর ২ টি,মাছের খাদ্য, সরিষার খৈল, সার,নেট জাল, মাছ পরিবহনের জন্য বড় ড্রাম,বড় হাঁড়ি,বড় প্লাষ্টিকের গামলা ইত্যাদি বিতরন করা হয়।

গাংনীতে তিন মাদক পাচারকারী গ্রেপ্তার

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে তিন মাদক পাচারকারীকে গ্রেপ্তার করেছে।এদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে ৫০ গ্রাম গাঁজা ও ২৫০ মি.লিটার অ্যালকোহল। শনিবার রাতে গাংনীর কল্যাণপুর খুচিডহর মাঠ থেকে তাদেরকে গ্রেপ্তার করা হয়।

এরা হচ্ছে- এ উপজেলার চক কল্যাণপুরের ফুরকান আলীর ছেলে সাব্বির

(২১), দেবীপুরের মৃত শাহিনুরের ছেলে আরাফাত ওরফে সবুজ(২২) ও একই গ্রামের মৃত হাফিজুরের ছেলে সোহেল রানা(২২)। গ্রেপ্তারকৃতদেরকে মেহেরপুর আদালতে পাঠানো হয়েছে।

গাংনী থানার ডিউটি অফিসার আলী রেজা জানান, গ্রেপ্তারকৃতরা গাঁজা ও অ্যালকোহল বেচা কেনার সময় গাংনী থানা পুলিশের একটি টীম তাদেরকে গ্রেপ্তার করে।

গাংনীতে পর্যাপ্ত গরু-ছাগল থাকলেও নেই ক্রেতা

মেহেরপুরের গাংনীর গ্রামাঞ্চলের পশু পালনকারীরা ন্যায্য দাম পাচ্ছে না । ক্রেতা ও বিক্রেতাদের মধ্যে দেখা দিয়েছে ভিন্ন প্রতিক্রিয়া ।
ক্রেতারা বলছেন বাজারে চড়া দাম আর বিক্রেতারা বলছেন পানির দামে গরু বিক্রি করছি। ক্রেতা বিক্রেতাদের মধ্যে মত বিরোধ থাকলেও একটি জায়গাতে তারা একই মত পোষণ করেছেন। সেটি হচ্ছে মাংস ক্রয়ের ক্ষেত্রে। গরুর দাম হ্রাস বৃদ্ধি থাকলেও মাংসের বাজার সেই আগের মতই।

পশু কোরবানির মধ্য দিয়ে ধর্মীয় উৎসব ঈদ-উল-আযহা পালন করা হবে। খামারি ছাড়াও অনেকেই নিজ বাড়িতে পালন করেছেন গরু, ছাগল, মহিষ ও ভেড়া। খামারি ও পশু পালনকারীদের আশা, ন্যায্য মূল্যে তারা পালিত পশুটি বিক্রয় করে আবারো বাছুর কিনে পালবেন। শোধ করবেন ব্যা্কং ঋণ কিংবা মহাজনের পাওনা। তবে নিরাশ হচ্ছেন তারা। মহামারি করোনা ও দেশের উত্তরাঞ্চলে বন্যার কারণে অনেকেই কোরবানি করতে পারবেন না। এতে করে পর্যাপ্ত পরিমাণে গরু থাকলেও ক্রেতার অভাবে পালিত

পশুর মূল্যে ভাটা পড়েছে।
এ উপজেলার বাওট গ্রামের খামারি এনামুল মেম্বার জানান, ব্যপারী ও পশু পালনকারীরা কোরবানির ঈদকে টার্গেট করে পশু পালন করেছেন। প্রতি ঈদেই রাজধানী ঢাকাসহ বিভিন্ন এলাকায় বিক্রির জন্য পশু নিয়ে যান। এবার করোনার কারণে সিংহ ভাগ ব্যাপারী ও পশু পালনকারী ঢাকায় পশু নেবেন না বলে স্থানীয় হাটে তুলেছেন। গরুর পরিমাণ বেশি হওয়ায় স্থানীয় ভাবে চাহিদা কমেগেছে। ফলে দামও হ্রাস পেয়েছে।

গাংনী উপজেলা প্রাণিসম্পদ বিভাগের হিসেব মতে, এ উপজেলার ৪৩ টি বাণিজ্যিক খামারসহ পারিবারিকভাবে পালন করা ৪১ হাজার গরু কোরবানির জন্য প্রস্তুত রাখা হয়েছে। বিভিন্ন জাতের গরু পালন করছেন খামারিরা। খাবারের দাম বেড়ে যাওয়ায় পশু পালনে বেশ খরচ হচ্ছে খামারিদের। যে পরিমাণ গরু রয়েছে তাতে স্থানীয় চাহিদা পুরুণ করেও দেশের বিভিন্ন স্থানে বিক্রি করা হবে। তবে কাঙ্খিত মূল্য না পেলে খামারিরা বেশ ক্ষতিগ্রস্ত হবে। যারা স্বল্প সুদে ঋণ নিয়ে দুয়েকটি গরু পালন করছেন তারাও পুঁজি হারাতে পারে।

গাংনীর চাঁদপুরের মহিবুল জানান, তার খামারে দেশী জাতের ২৫ টি গরু কোরবানির জন্য প্রস্তুত রয়েছে। বেশ কয়েকটি পশুহাট বন্ধ হয়ে গেছে তাই গরু বিক্রি করতে পারেন নি। আবার ঢাকাতে পশু হাট বসা নিয়েও বেশ শঙ্কায় রয়েছেন। গরু ন্যায্য মূল্যে বিক্রি করতে না পারলে লোকসান গুনতে হতে পারে বলে মন্তব্য করেছেন তিনি। শুধু খামারি নয়, ব্যবসায়ীদেরও চোখে মুখে দুশ্চিন্তার ছাপ।
বালিয়াঘাটের মোয়াজ্জেম হোসেন জানান, গেল বছর কোরবানির সময় ঢাকার কমলাপুরে ১০ ট্রাক গরু নিয়ে গিয়েছিলেন। কোরবানির মাস দেড়েক আগেই গ্রামে গ্রামে গিয়ে গেরস্তদের বাড়ি থেকে গরু বায়না করে আসতেন তিনি। এবার ঢাকাতে গরু নিয়ে যাওয়া যাবে কিনা তার নিশ্চয়তা না থাকায় গরু কেনেন নি।

ঢাকার কয়েকজন ব্যবসায়ী জানান, প্রতিবছর কোরবানির ঈদে মেহেরপুর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া থেকে কয়েক হাজার গরু কেনেন। এবার বেচা কেনায় কোন ভরসা না থাকায় গরু কিনছেন না। আরও কিছুদিন অপেক্ষা করবেন।

অন্যদিকে এলকায় প্রতিনিয়ত মাংসের জন্য জবাই করা হচ্ছে ছাগল, গরু ও মহিষ। এখনও বাজারে ছাগলের মাংসের দাম ৭০০ টাকা। গরুরর মাংস ৫০০ টাকা এবং মহিষের মাংস ৫শ” থকে সাড়ে ৫শ টাকায় বিক্রি হচ্ছে। তবে মাংস ক্রেতারা বলছেন, আগের দামই বলবত রয়েছে। শোনা যাচ্ছে বাজারে

গরু, ছাগলেম দাম কম, কিন্তু মাংসের দাম আগের মতই। নওপাড়া গ্রামের মাংস বিক্রেতা বরকত জানান, মাংস আগের দামে বিক্রি করা হচ্ছে ঠিকই কিন্তু ক্রেতা কম। অনেক সময় বিক্রির স্বার্থে অনেক পন্থা অবলম্বন করা লাগছে। মাংস ব্যাবসায়ী আফেজ বলেন, আমরা প্রতিদিনই একটি করে গরু,বা মহিষ জবাই করি। আগের দামেই মাংস বিক্রি করতে হচ্ছে কারণ আগের দামেই পশু কিনতে হচ্ছে।

এ ব্যপারে গাংনী উপজেলা আইন শৃংখলা সমন্বয় সভায় মাংসের মূল্য ও বাজার নিয়ন্ত্রণ বিষয়ক আলোচানায় মাংসের বাজার নিয়ে কথা হলে সরকারি নির্ধারিত মূল্যেই মাংস ব্যাবসায়ীদের মাংস বিক্রি করতে বলা হয়েছে বলে জানিয়েছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

মেহেরপুরে রিয়েল মি ফাইভ আই কিনে প্রতারণার শিকার হচ্ছেন ক্রেতারা

মেহেরপুরে কৃত্তিম সংকট তৈরি করে নির্ধারিত দামের চেয়ে বেশি দামে মোবাইল ফোন বিক্রি করছে দোকানদাররা। পাওয়া যাচ্ছে না বেশি দামে কিনতে হচ্ছে এরুপ নানা অজুহাতে মোবাইল প্রতি ২-৩ হাজার টাকা বেশি নিচ্ছে বিক্রেতারা।
সম্প্রতি রিয়েলমি ফাইভ আই নামক ব্রান্ডের মোবাইলের চাহিদা বেশ তুঙ্গে। অল্প দামে ভালো কনফিগারেশনের এই মোবাইলটি কিনতে ঝুকেছে তরুণ-তরুণীরা। আর এই চাহিদাকে টার্গেট করে সিন্ডিকেট তৈরি করেছে কিছু অসাধু ব্যবসায়ী। স্টকে থাকা সত্তেও নির্ধারিত দামে ফোন বিক্রি করছে না তারা। বেশি দাম দিলে তবেই বিক্রিতে রাজি হচ্ছে দোকানিরা। আর সুযোগে ক্রেতাদের কাছে থেকে হাজার হাজার টাকা নিচ্ছে কতিপয় অসাধু ব্যবসায়ীরা। যার ফলে প্রতিনিয়ত প্রতারিত হচ্ছেন ক্রেতারা।
মেহেরপুর শহরের বেশ কয়েকটি দোকানে এভাবেই বিক্রি হচ্ছে মোবাইল। এছাড়াও গাংনী মুজিবনগরে একই অবস্থা। মেহেরপুর শহরের মোবাইল

জোন, মোবাইল বাজার, গাংনীর নেট ফাস্টসহ বিভিন্ন দোকানে দেদারছে চলছে চড়া দামে বিক্রির প্রতিযোগীতা।দন্ডবিধি অনুসারে কোন ব্যক্তি কারো সাথে প্রতারণা করলে জেল ও জরিমানার বিধান রয়েছে। এমনকি উভয় দন্ডও হতে পারে।
আব্দুল হালিম নামের এক ক্রেতা জানান, মোবাইল জোন থেকে ১৫ হাজার টাকা দিয়ে রিয়েল মি ফাইভ আই কিনেছি। তারপরও তিন চার দিন ধরে ধর্ণা দেওয়ার পর। এ ধরণের অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।
আশিক নামের এক ক্রেতার বরাত দিয়ে তারা বাবা জানান, তাঁর ছেলে উপহার হিসেবে আমাকে দেওয়ার জন্য ১৪ হাজার ৫শ টাকা দিয়ে ফোন কিনে আমাকে উপহার হিসেবে দিয়েছে।
মোবাইল জোনের সত্ত্বাধীকারী জীবন বলেন, রিয়েলমি ফোনের চাহিদার তুলনায় স্টক সীমিত। আমাদের ঢাকায় থেকে বেশি দামে কিনতে হচ্ছে। গাংনীর নেট ফাস্টের চপল বলেন, একেক সময় একেক রকম দাম। আগে থেকে অর্ডার দিয়েও মোবাইল পাওয়া যাচ্ছে না। সিন্ডিকেটের মাধ্যমে বেশি দামে কিনতে হচ্ছে।
মোবাইল স্টেশনের সত্ত্বাধীকারী কার্জন আহমেদ বলেন, মেহেরপুরে মোবাইল ব্যবসা নষ্ট করার জন্য এরকম কিছু অসাধু ব্যবসায়ী চড়া দাম হাকাচ্ছে। আমি এ পর্যন্ত যতগুলো রিয়েলমি বিক্রি করেছি সবগুলো নির্ধারিত মূল্যেই। অতিরিক্ত দামে মোবাইল বিক্রির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান তিনি।
এ বিষয়ে জেলা মার্কেটিং অফিসার জীব্রাইল হোসেন বলেন, এ রকম কোন ঘটনা যদি ঘটে তাহলে ভোক্তা অধিকারে শাস্তি যোগ্য অপরাধ। মেহেরপুর ভোক্তা অধিকার সংরক্ষণ কর্মকর্তা সজল আহমেদ জানান, ভোক্তা অধিকার আইনে এটি শাস্তিযোগ্য অপরাধ। যদি মূল্য বেশি নেওয়া প্রমাণিত হয় তবে ব্যবস্থা নেওয়া হবে।

গ্রাম দারিদ্রমুক্ত করণ প্রকল্পের আওতায় পশু পালন

বিষয়ক প্রশিক্ষণ

মুজিবনগরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বি এন এফ) এর অর্থায়নে এবং পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতি এর বাস্তবায়নে, গ্রাম দারিদ্রমুক্ত করণ প্রকল্পের আওতায় ২ দিন ব্যাপী পশু পালন(গরু, ছাগল, ভেড়া, ভার্মিকম্পোস্ট ও ট্রাইকো কম্পোস্ট) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা এগারোটার দিকে মুজিবনগর উপজেলার মাঝপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন।

এ সময় পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উপপরিচালক কামরুল আলম, মুজিবনগর উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা. কাজী নজরুল ইসলাম, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রাণি সম্পদ কর্মকর্তা রাশমনি খানম, কৃষি কর্মকর্তা এম এ জি মোস্তোফা রাব্বি। পলাশি পাড়া সমাজ কল্যাণ সমিতির সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারী রফিকুল আলম উপস্থিত ছিলেন।
২ দিন ব্যাপী উক্ত কর্মশালায় মোট ৫০ জন উপকারভোগী অংশ নেন।

মেহেরপুরের গাংনীতে গাঁজাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় ২৫০শ গ্রাম গাঁজা সহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। শনিবার দিবাগত রাতে গাংনী উপজেলার জুগিন্দা গ্রাম থেকে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, জুগিন্দা পশ্চিম পাড়ার জাদু মন্ডলের ছেলে দবির উদ্দিন, গাড়াডোব গ্রামের আবু ইউসুফ এর ছেলে আব্দুল হামিদ।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদয়ের বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা

রুজু করার প্রক্রিয়া চলছে।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে বল্লভপুর মুসলিমপাড়া ক্লাবের আয়োজনে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের আয়োজনে পথচারীদের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরণ করা হয়েছে।

শনিবার বিকালে বল্লভপুর তিন রাস্তার মোড়ে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

মাস্ক বিতরণের সময় বল্লভপুর মুসলিমপাড়া সার্বিক উন্নয়ন ক্লাবের সাবেক সভাপতি বর্তমান প্রধান উপদৃষ্টা সাংবাদিক হাসান মুস্তাফিজুর রহমান শের খান, ক্লাবের উপদৃষ্টা ওয়াসিম শেখ,আমিরুল ইসলাম, ক্লাবের সভাপতি সেলিম রেজা, সাধারন সম্পাদক মতিউর রহমান খানসহ ক্লাবের সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

এ সময় পথচারীদের মাঝে মোট একশত পিচ মাস্ক বিতরন করা হয়।

এবং করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে সবসময় মাস্ক পরিধান করার আহব্বান জানানো হয়।

মেপ্র/আরপি